

তারিখ: ২৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০৩২.২২-৫৯

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব এম এম সাইদুর রহমান, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নড়াইল (প্রাক্তন সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নারায়ণগঞ্জ)-এর বিরুদ্ধে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র আওতাধীন চলমান 'আউট অব স্কুল চিলড্রেন' শিক্ষা কার্যক্রমের শিক্ষক, সুপারভাইজারগণের বেতন ও শিখন কেন্দ্রের ভাড়া বিষয়ক সরকারি বিদ্যমান বিধি-বিধান সম্পূর্ণভাবে অনুসরণ না করা; শিখন কেন্দ্রের ভাড়া বাবদ বরাদ্দকৃত ৭১.০০ লক্ষ টাকার স্থলে ৭১.৮০ (একাত্তর লক্ষ আশি হাজার) টাকা উত্তোলন এবং তথ্য গোপন করে মূল বরাদ্দ খাতে ৮০,০০০/- টাকা বেশি বরাদ্দ দেখিয়ে অর্থ উত্তোলনপূর্বক ব্যয় বিবরণী প্রেরণের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে ০৩২/২২ নং বিভাগীয় মামলা বুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং


যেহেতু, তদন্তকালে তিনি বক্তব্য প্রদান করেন যে, কাজের অত্যধিক চাপ এবং অধিক বিলে স্বাক্ষর করায় অতিরিক্ত ৮০,০০০/- (আশি হাজার) টাকা বিল দাখিল করার বিষয়টি তাড়াহড়ো করে ভুলবশত: হয়েছে; এবং

যেহেতু, তার লিখিত জবাব, শুনানিতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায়- অভিযুক্ত কর্মকর্তা অতিরিক্ত উত্তোলিত ৮০,০০০/- (আশি হাজার) টাকা আয়ন ব্যয়ন কর্মকর্তা (ডিডিও), আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচি, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নারায়ণগঞ্জ সোনালী ব্যাংকের চলতি হিসাব নং- ১২৪০১০০০১২৬৭১-এ জমা দিয়েছেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বরাদ্দকৃত টাকার অতিরিক্ত ৮০,০০০/- টাকা উত্তোলন করেছেন, অর্থাৎ তার উপর অর্পিত দায়িত্ব তিনি সঠিকভাবে পালন না করে দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন যা অসদাচরণের পর্যায়ভুক্ত অপরাধ। সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব এম এম সাইদুর রহমান, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নড়াইল (প্রাক্তন সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নারায়ণগঞ্জ)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে একই বিধিমালা ৪(২)(ক) বিধি মোতাবেক "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(ফরিদ আহসান)
সচিব